গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১৪৪.২০২০-২৪

তারিখঃ ১৮.১.২০২১ খ্রি.

**বিষয়ঃ ডা. মোঃ ইকবাল কবীর (৪২১৫০), অধ্যাপক (চলতি দায়িত্ব), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (প্রাক্তন প্রকল্প পরিচালক, COVID-19 Emergency Response and Pandemic Preparedness)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা**

বিভাগীয় মামলা নম্বরঃ .....০১৬./২০২১

## অভিযোগনামা

যেহেতু আপনি ডা. মোঃ ইকবাল কবীর (৪২১৫০), অধ্যাপক (চলতি দায়িত্ব), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর প্রকল্প পরিচালক হিসেবে Covid-19 Emergency Response and Pandemic Preparedness (ERPP) প্রকল্পে কর্মরত থাকাবস্থায় জরুরী পরিস্থিতি মোকাবেলায় উক্ত প্রকল্পের অধীনে গৃহীত কার্যক্রমের আওতায় প্যাকেজ নং GD-1: PPE, KN95 Masks, N95 Masks এবং Handgloves ক্রয়ের প্রক্রিয়ায় দরদাতা বরাবর কোনো ধরনের অফার লেটার প্রদান করেননি; পিপিআর ২০০৮ মোতাবেক একাধিক অভিজ্ঞ কোম্পানিকে অফার লেটার দেয়ার কথা থাকলেও তা করেননি এবং সরাসরি একটি কোম্পানির কাছ থেকে দর-প্রস্তাব গ্রহণ পূর্বক তার নামেই কার্যাদেশ প্রদান করে পিপিএ ও পিপিআরের বিধান লঙ্ঘন করেছেন;

যেহেতু উক্ত ক্রয় কার্যক্রমে একক দরদাতা হিসেবে যে কোম্পানিকে নির্বাচন করা হয়েছে, তা একটি অটোমোবাইল কোম্পানি এবং স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহের ক্ষেত্রে তার কোনো অভিজ্ঞতা আছে কি না, সে সংক্রান্ত কোনো অভিজ্ঞতা সনদ বা প্রমাণকপত্র দেখা হয়নি;

যেহেতু ক্রয়ের আওতাভুক্ত মালামালের সুনির্দিষ্ট কারিগরি বিনির্দেশ প্রস্তুত করার জন্য কারিগরি উপকমিটি গঠনের প্রমাণক পাওয়া যায়নি;

যেহেতু প্রকল্পটি কোভিড-১৯ নিয়ন্ত্রণের মাধ্যমে জনসেবা নিশ্চিত করার জন্য জরুরীভিত্তিতে গ্রহণ করা হয়েছিল, অথচ নির্ধারিত সময়ে পণ্যসামগ্রী সরবরাহ হয়নি এবং এর মাধ্যমে পিপিআরের বিধি-৭৬ মোতাবেক সরাসরি ক্রয় প্রক্রিয়ার (DPM) শর্ত লঙ্ঘিত হয়েছে;

যেহেতু আপনি স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সংগ্রহের ক্ষেত্রে অভিজ্ঞ সরবরাহকারী প্রতিষ্ঠান নির্বাচন না করায় যথাসময়ে মালামাল সরবরাহ পাওয়া যায়নি এবং এর দায় প্রকল্প পরিচালক হিসেবে আপনার উপর বর্তায়;

যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া গেছে;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না, সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

১৮.০১.২০২১

**(মো. আবদুল মান্নান)**
**সচিব**

**ডা. মোঃ ইকবাল কবীর**
অধ্যাপক (চলতি দায়িত্ব)
ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর

D:\Discipline Work 2018\DP Folder 2020\Charge Frame 2020 ...doc

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.১৪৪.২০২০- ২৪/১(৬০) তারিখঃ ১৮.১.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)

২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেব বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)

৪। প্রকল্প পরিচালক, Covid-19 Emergency Response and Pandemic Preparedness (ERPP)

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)

৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১০। অফিস কপি

১৮.১.২০২১


(মো: শাহাদত হোসেন কবির)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hsd.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

আপনি ডা. মোঃ ইকবাল কবীর (৪২১৫০), অধ্যাপক (চলতি দায়িত্ব), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর প্রকল্প পরিচালক হিসেবে Covid-19 Emergency Response and Pandemic Preparedness (ERPP) প্রকল্পে কর্মরত থাকাবস্থায় জরুরী পরিস্থিতি মোকাবেলায় উক্ত প্রকল্পের অধীনে গৃহীত কার্যক্রমের আওতায় প্যাকেজ নং GD-1: PPE, KN95 Masks, N95 Masks এবং Handgloves ক্রয়ের প্রক্রিয়ায় দরদাতা বরাবর কোনো ধরনের অফার লেটার প্রদান করেননি; পিপিআর ২০০৮ মোতাবেক একাধিক অভিজ্ঞ কোম্পানিকে অফার লেটার দেয়ার কথা থাকলেও তা করেননি এবং সরাসরি একটি কোম্পানির কাছ থেকে দর-প্রস্তাব গ্রহণ পূর্বক তার নামেই কার্যাদেশ প্রদান করে পিপিএ ও পিপিআরের বিধান লঙ্ঘন করেছেন;

উক্ত ক্রয় কার্যক্রমে একক দরদাতা হিসেবে যে কোম্পানিকে নির্বাচন করা হয়েছে, তা একটি অটোমোবাইল কোম্পানি এবং স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহের ক্ষেত্রে তার কোনো অভিজ্ঞতা আছে কি না, সে সংক্রান্ত কোনো অভিজ্ঞতা সনদ বা প্রমাণকপত্র দেখা হয়নি;

ক্রয়ের আওতাভুক্ত মালামালের সুনির্দিষ্ট কারিগরি বিনির্দেশ প্রস্তুত করার জন্য কারিগরি উপকমিটি গঠনের প্রমাণক পাওয়া যায়নি;

প্রকল্পটি কোভিড-১৯ নিয়ন্ত্রণের মাধ্যমে জনসেবা নিশ্চিত করার জন্য জরুরীভিত্তিতে গ্রহণ করা হয়েছিল, অথচ নির্ধারিত সময়ে পণ্যসামগ্রী সরবরাহ হয়নি এবং এর মাধ্যমে পিপিআরের বিধি-৭৬ মোতাবেক সরাসরি ক্রয় প্রক্রিয়ার (DPM) শর্ত লঙ্ঘিত হয়েছে;

আপনি স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সংগ্রহের ক্ষেত্রে অভিজ্ঞ সরবরাহকারী প্রতিষ্ঠান নির্বাচন না করায় যথাসময়ে মালামাল সরবরাহ পাওয়া যায়নি এবং এর দায় প্রকল্প পরিচালক হিসেবে আপনার উপর বর্তায়;

স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া গেছে;

আপনার উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।

১৮.০১.২০২১

**(মো. আবদুল মান্নান)**
**সচিব**